গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. উর্মি বিনতে সালাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৪ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | দুপুর ৩.৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জবাবদিহিতা শক্তিশালীকরণের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তি, তথ্য অধিকার আইনের আওতায় কার্যক্রম গ্রহণ এবং দুর্নীতি প্রতিরোধে গণশুনানি গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স এবং ২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করাসহ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | **<u>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন:</u>**<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে যত্নশীল হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১.১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার লক্ষ্যে গুরুত্বসহকারে কাজ করতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। |
| ০২ | **<u>যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি:</u>**<br>অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মক্ষেত্রে আবশ্যিকভাবে উপস্থিত হওয়া এবং অফিসে সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর প্রদান করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। | ২.১) অফিসে সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতা নিয়মিত মনিটরিং এর মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। |
| ০৩ | **<u>দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন :</u>**<br>২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা আয়োজন করতে হবে মর্মে সভায় অবহিত করা হয়। | ৩.১) ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা আয়োজন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মৌলভীবাজার। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **সুশাসন প্রতিষ্ঠা :** ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর ১.২নং সুচকে বর্ণিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা আয়োজনক্রমে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/দপ্তর বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ৪.১) ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর ১.২নং সুচকে বর্ণিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/দপ্তর বরাবর প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |
| ০৫ | **সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার :** ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত গ্রহণের লক্ষ্যে আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫.১) ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ নিশ্চিতকরণে আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। | সহকারী কমিশনার, ফ্রন্টডেস্ক/ রেকর্ডরুম/গোপনীয়/স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |
| ০৬ | **ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার :** ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ২.১ এ বর্ণিত ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুতপূর্বক ওয়েব সাইটে প্রকাশের করতে হবে মর্মে সভায় অবহিত করা হয়। | ৬.১) ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ২.১ এ বর্ণিত ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক ৩১/০৭/২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |
| ০৭ | **প্রতিবেদন প্রেরণ :** মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ না করায় প্রতিবেদনসমূহ সমন্বয়ক্রমে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ সম্ভব হয় না মর্মে সহকারী কমিশনারগণ সভায় মতামত ব্যক্ত করেন। | ৭.১) সকল প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক,স্থানীয় সরকার, মৌলভীবাজার; অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি); বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার; উপজেলা নির্বাহী অফিসার (সকল); সহকারী কমিশনার (ভূমি), (সকল); সহকারী কমিশনার, সকল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |

অত:পর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি **"স্মার্ট বাংলাদেশ"** বিনির্মাণের লক্ষ্যে সবার সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৬.৫৯.০০১.২৩.৩০০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩০
০৯ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), মৌলভীবাজার


৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার

৮) সহকারী কমিশনার (ভূমি) মৌলভীবাজার সকল

৯) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, ..............................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।

১০) সহকারী কমিশনার, আইসিটি শাখা, মৌলভীবাজার (ওয়েবপোর্টালে কার্যবিবরণী প্রকাশের অনুরোধসহ)।

১১) প্রশাসনিক কর্মকর্তা (সকল)



ড. উর্মি বিনতে সালাম

জেলা প্রশাসক